ASSET Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)

ভিমরুল্লা, চুয়াডাঙ্গা-৭২০০।

## সম্পূর্ণ সরকারি অর্থায়নে বিনামূল্যে ৩ মাস/ ৩৬০ ঘন্টাব্যাপী শর্টকোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক পরিচালিত চুয়াডাঙ্গা টিটিসি'তে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "Accelerating and Strengthening Skills for Economic Transformation" (ASSET) প্রকল্পের আওতায় নিম্নোক্ত ৫টি অকুপেশনে *মে-জুলাই ২০২৫* সেশনে *৫ম সাইকেলে* ৩ মাস/৩৬০ ঘন্টাব্যাপী শর্টকোর্সে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গকে আবেদন করার জন্য আহ্বান করা হচ্ছে।

দেশের ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে দেশের যুব, শ্রমিক, নারী, প্রতিবন্ধী, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত ব্যক্তিদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস করে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করাই -এ প্রকল্পের মূল লক্ষ্য।

| ক্রম | কম্পিটেন্সি স্টান্ডার্ড অনুযায়ী অকুপেশনের নাম | যোগাযোগের মেবাইল নম্বর | BNQF লেভেল | শিক্ষাগত যোগ্যতা | আসন সংখ্যা | বয়স |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ওয়েল্ডিং | ০১৩১৬ ৪৬০৮০৮<br>০১৯৩৮ ৪০৮০২১ | BNQF Level-1 | JSC / ৮ম শ্রেণি/ সমমান পাশ | প্রতি অকুপেশনে ২৫ | ১৮-৪৫ বছর (৩০ এপ্রিল ২০২৫ তারিখে) |
| ০২ | অটোমোটিভ মেকানিক্স | ০১৭১৪ ৭০৯৯৩২<br>০১৯৩৩ ৮৯৫২৯১ | | | | |
| ০৩ | ম্যাশনারী | ০১৭৫১ ৬৭০০০০<br>০১৭৩৮ ৬৪০১১২ | BNQF Level-2 | | | |
| ০৪ | ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এ্যান্ড মেইনটেন্যান্স | ০১৮১৪ ৫৫৪২৪২<br>০১৭১৮ ৭৫৫০৮৩ | | | | |
| ০৫ | টেইলারিং এন্ড ড্রেস মেকিং | ০১৭৪৪ ৫১২৫৪৩<br>০১৯২১ ৩২১৪৫৭ | | | | |

**ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ**

* আবেদনের শেষ তারিখঃ ২৪ এপ্রিল ২০২৫, দুপুর ৩:০০ টা পর্যন্ত।
* বাছাই ও ফল প্রকাশঃ ২৭ এপ্রিল ২০২৫, সকাল ১০:০০ টা হতে।
* ভর্তি কার্যক্রমঃ নির্বাচিত তালিকা হতেঃ ২৮-২৯ এপ্রিল ২০২৫, সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত।
  অপেক্ষমান তালিকা হতেঃ ৩০ এপ্রিল ২০২৫, সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত।

***প্রশিক্ষণ শুরুঃ*** ০৪ মে ২০২৫, বেলা ১১:৩০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত।

**আবেদনের সময় জমা দিতে হবেঃ**

(১) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি। (২) শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি। (৩) জাতীয় পরিচয়পত্র/ডিজিটাল জন্ম নিবন্ধন সনদের ফটোকপি। (৪) প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)। (৫) আবেদন ফরমে অবশ্যই ২ টি মোবাইল নম্বর লিখতে হবে।

**প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ**

(১) নিয়মিত উপস্থিতি সাপেক্ষে সাধারণ প্রশিক্ষণার্থীগণকে প্রতি মাসে ১,৫০০/- টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীগণকে প্রতি মাসে ২,০০০/- টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। (২) যাতায়াত ভাতা হিসেবে দৈনিক ১০০ টাকা করে প্রদান করা হবে (নূন্যতম ৮০% উপস্থিতি ও বাজেট প্রাপ্তি সাপেক্ষে)। (৩) ফেসিয়াল রিকগনিশন ক্যামেরা এবং বায়োমেট্রিক হাজিরার মাধ্যমে প্রশিক্ষণ ভাতা ও যাতায়াত ভাতা প্রদান করা হবে। (৪) প্রশিক্ষণ চলাকালীন সময়ে সম্পূর্ণ বিনামূল্যে বিভিন্ন প্রশিক্ষণ সামগ্রী দেয়া হবে। (৫) মাসে ২২ দিন, সর্বমোট ৬৬ দিন প্রশিক্ষণ। (৬) পর পর ৩দিন প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল হয়ে যাবে। (৭) এই প্রকল্পে ইতোপূর্বে প্রশিক্ষণপ্রাপ্ত এবং স্কুল কলেজে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার দরকার নেই। (৮) বেকার যুব, শ্রমিক, নারী, প্রতিবন্ধী, দরিদ্র, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী ভর্তিতে অগ্রাধিকার পাবে। (৯) নারী প্রার্থীদের জন্য ৩০% আসন সংরক্ষিত। (১০) প্রশিক্ষণ বাবদ কোন ফি প্রদান করা লাগবে না। (১১) ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি ফরম সরাসরি অথবা www.ttc.chuadanga.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

(মোঃ মুছাব্বেরুজ্জামান)
অধ্যক্ষ